40-৭৭

দৈনিক ইনকিলাব

তারিখ 08-DEC 1997 ... ...
পৃষ্ঠা ৭ কলাম ৭

# চাঁপাই'গঞ্জে ১৮টি মাদ্রাসা শিশু উদ্ধার ২ শিশু পাচারকারী গ্রেফতার

চাঁপাইনবাবগঞ্জ থেকে জেলা সংবাদদাতা ঃ শিশু পাচারের অভিযোগে চাঁপাইনবাবগঞ্জে ২ জনকে গ্রেফতার এবং ১৮ জন শিশু ও একজন মাদ্রাসা শিক্ষককে উদ্ধার করা হয়েছে।

গ্রেফতারকৃতরা হয়েছে সালামত ও মেসবাহুল। এরা শহরের আরামবাগ এলাকার অধিবাসী। অন্য একজন অভিযুক্ত পৌর এলাকার ঘারিয়াপুর গ্রামের রফিক পটলা পলাতক রয়েছে। উদ্ধারকৃত শিশুদের মধ্যে ৭ জনের নাম-ঠিকানা জানা গেছে। এরা হলো- আরামবাগ এলাকার সালাম (১৫), ওয়ালী (১৫), বাদশা (১৪), একরামুল (১৫), শরিফুল (১৬), সারওয়ার (১৪) এবং রামকৃষ্ণপুর এলাকার শরিফুল (১৪)। উদ্ধারকৃত সকলেই আরামবাগ ও ঘারিয়াপুর মাদ্রাসার ছাত্র।

পুলিশ সূত্রে প্রকাশ, কয়েকদিন পূর্বে আরামবাগ এলাকার জনৈক এহসান আলী তার ছেলে আবদুস সালামকে পাচারের উদ্দেশে বিনা খরচে বিদেশে পড়াশোনার সুযোগদানের লোভ দেখিয়ে ঢাকায় নিয়ে যাওয়া হয়েছে মর্মে নবাবগঞ্জ থানায় একটি সাধারণ ডায়রি করেন। উদ্ধারকৃত অন্যান্য বালকের সাথে আলাপ করে জানা গেছে, তাদেরকে একই লোভ দেখানো হয়েছিলো এবং তাদের অভিভাবকদের নিকট থেকে মাথা প্রতি এক হাজার টাকা করে নিয়ে তাদেরকে ঢাকার মীরপুর ১ নং এর পাইকপাড়া এলাকায় রাখা হয়েছিলো।

এদিকে উদ্ধারকৃত মাদ্রাসা শিক্ষক শওকত আলী জানান, তাকে সউদী আরবে আকর্ষণীয় বেতনে চাকরি দেয়ার লোভ দেখিয়ে রফিক পটলা ১৮ জন ছেলেসহ তাকে ঢাকায় পাঠায়। কিন্তু সেখানকার কার্যকলাপ দেখে তিনি সন্দিহান হয়ে পড়েন এবং পালানোর পথ খুঁজতে থাকেন। পরে ৫ দিন আটক থাকার পর সুকৌশলে সেখান থেকে বেরিয়ে ১৮ জন বালকসহ চাঁপাইনবাবগঞ্জের ঘারিয়াপুরে পৌছলে স্থানীয় লোকজন দালাল মেসবাহুলকে আটক করে পুলিশে সোপর্দ করে। সালামতকে পুলিশ গ্রেফতার করে। বালকেরা তাদের বাড়ীতে ফিরে গেছে। রফিক পটলা পলাতক।